

ইসলামী বিশ্ববিদ্যালয়

বিতর্কিত সিলেবাসকে কেন্দ্র করে
অচলাবস্থা এখনো কাটেনি

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৮শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ২৮শে নম্বরের বিতর্কিত সিলেবাসকে কেন্দ্র করে সৃষ্ট বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা এখনও কাটেনি। অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ অব্যাহত রয়েছে। পুলিশ প্রশাসনের সাথে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সম্পর্কের অবনতির কারণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হতে পুলিশ ক্যাম্পসহ সকল পুলিশকে গুটিয়ে নেয়া হয়েছে। আন্দোলনকে ঘিরে নানা অজুহাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য ইতিমধ্যেই তিনটি কমিটি গঠন করেছে।

৮ই আগস্ট ক্যাম্পাসে সিলেবাস বাতিলের মিছিল করার অভিযোগে নয়জন ছাত্রের বিরুদ্ধে শোকজ করার পর দু'টি তদন্ত কমিটি গঠিত হয়েছে। ১লা সেপ্টেম্বরে ছাত্র ধর্মঘট চলাকালে মৌলবাদী কতিপয় শিক্ষক শাহিতের অভিযোগের প্রেক্ষিতে ছাত্র ইউনিয়ন ইবি শাখার সভাপতি ও সাংগঠনিক সম্পাদক যথাক্রমে নওয়াব আলী খান ও কার্তিক বিশ্বাস, ছাত্রমৈত্রীর সত্য বিশ্বাস, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের তাত্ত্বিক ফাহিমীর বিরুদ্ধে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ৮ই সেপ্টেম্বর পুলিশী হামলার প্রেক্ষিতে বিক্ষুব্ধ ছাত্র কর্তৃক বিশ্ববিদ্যালয় সম্পত্তির ক্ষতি সাধন করায় তা তদন্তের জন্য তিন সদস্যের আরেকটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

২৮শে নম্বরের বিতর্কিত সিলেবাস সম্পর্কে ছাত্র সংগঠনগুলোর মতামত জানার জন্য কর্তৃপক্ষ এগার সদস্যের একটি কমিটি গঠন করেছে। ২২শে সেপ্টেম্বর হতে ২৭শে সেপ্টেম্বরের মধ্যে মতামত গ্রহণ করার কথা থাকলেও ছাত্র শিবির, ছাত্র মজলিস ও ছাত্রী সংস্থা ছাড়া কেউই উক্ত কমিটির সাথে বসতে রাজি হয়নি। উক্ত তিনটি সংগঠন বাদে সরকারি ছাত্র সংগঠন ও সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্র সমাজ মৌলবাদী শিক্ষকদের সমন্বয়ে গঠিত কমিটি এই অভিযোগে তাদের সাথে বসেনি। তারা দুই ডীন, দুই হল প্রভোস্ট ও ছাত্র উপদেষ্টার সাথে বসার শর্ত দিয়েছে।

৮ই সেপ্টেম্বর কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই ক্যাম্পাসে ঢুকে পড়ে ছাত্রদের ওপর হামলা করার অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অভিযুক্ত হওয়ায় পুলিশ ইসলামী বিশ্ববিদ্যালয় হতে তাদের অস্থায়ী ক্যাম্পসহ সকল পুলিশকে উঠিয়ে নিয়েছে। ক্যাম্পাসে পুলিশ চেয়ে পুলিশ প্রশাসনের নিকট হতে কোন সাড়া পাওয়া যায়নি।